

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাত ফর্য হওয়ার বর্ণনা

باب فَرْضِ الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، عَنْ مَالِك، عَنْ عَمِّهِ أَبِي سُهَيْلِ بْنِ مَالِك، عَنْ أَبِيهِ، أَنَّهُ سَمِعَ طَلْحَةَ بْنَ عُبَيْبِدِ اللهِ، يَقُولُ جَاءَ رَجُلُّ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مِنْ أَهْلِ نَجْدِ ثَائِرَ الرَّأْسِ يُسْمَعُ دَوِيُّ صَوْتِهِ وَلَا يُفْقَهُ مَا يَقُولُ حَتَّى دَنَا فَإِذَا هُوَ يَسْأَلُ عَنِ الإِسْلَامِ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " خَمْسُ صَلَوَاتٍ فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ " . قَالَ هَلْ عَلَىَّ غَيْرُهُنَّ قَالَ " لَا إِلَّا أَنْ تَطَّوَّعَ " . قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَلَىَّ غَيْرُهُنَّ قَالَ " لَا إِلَّا أَنْ تَطَوَّعَ " . قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صيامَ شَهْرِ رَمَضَانَ قَالَ هَلْ عَلَىَّ غَيْرُهُ قَالَ " لَا إِلَّا أَنْ تَطَوَّعَ " . قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الصَّدَقَةَ . قَالَ فَهَلْ عَلَىَّ غَيْرُهُا قَالَ " لَا إِلَّا أَنْ تَطَوَّعَ " . قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الصَّدَقَةَ . قَالَ فَهَلْ عَلَىَّ غَيْرُهُا قَالَ " لَا إِلَّا أَنْ تَطَوَّعَ " . فَالَ اللهِ صلى الله عليه الله عليه وسلم " أَفْلَحَ إِنْ صَدَقَ " .

_ صحیح : ق

বাংলা

৩৯১। আবৃ সুহাইল ইবনু মালিক থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি ত্বালহা ইবনু 'উবায়দুল্লাহ (রাঃ)-কে বলতে শুনেছেন, উস্কখুস্ক চুল বিশিষ্ট নাজদের জনৈক অধিবাসী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসল। তখন তার মুখ হতে গুনগুন শব্দ শোনা যাচ্ছিল, কিন্তু কথাগুলো বুঝা যাচ্ছিল না। এমতাবস্থায় সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটবর্তী হয়ে ইসলাম সম্পর্কে প্রশ্ন করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ (ইসলাম হচ্ছে) দিবা-রাত্রে পাঁচ ওয়াক্ত সালাত আদায় করা। লোকটি বললো, আমার ওপর এছাড়া আরও (সালাত) আছে কি? তিনি বললেন, না, তবে তুমি নফল (সালাত) আদায় করতে পার।



বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উদ্দেশে রমাযান মাসের সিয়ামের কথা উল্লেখ করলেন। লোকটি বলল, আমার উপর এছাড়া আরও (সিয়াম) আছে কি? তিনি বললেনঃ না, তবে তুমি নফল (সিয়াম) পালন করতে পার। বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে যাকাতের কথাও বললেন। লোকটি বলল, আমাকে এছাড়াও কোন দান করতে হবে কি? তিনি বললেনঃ না, তবে নফল হিসেবে (দান) করতে পার। অতঃপর লোকটি এই বলতে বলতে চলে যেতে লাগল যে, আল্লাহর শপথ! আমি এর চেয়ে বেশীও করব না কমও করব না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ লোকটি সত্য বলে থাকলে অবশ্যই সফলকাম হয়ে গেল। [1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Talhah b. 'Ubaid Allah said:

A man from among the people of Najd with disheveled hair came to the Messenger of Allah (**). The humming sound of his voice could be heard but what he was saying could not be understood. He came closer and it was then known that he was asking about Islam. The Messenger of Allah (**) said: Five times of prayer each day and night: He asked: Must I observe any more than them? He replied: No, unless you do it voluntarily. He (Talhah) said that the Messenger of Allah (**) mentioned fasting during the month of Ramadan. He asked: Must I observe anything else? He replied: No, unless you do it voluntarily. The Messenger of Allah (**) mentioned Zakat to him. He asked: Must I pay anything else? He replied: No, unless you do it voluntarily. The man then turned away saying: I swear by Allah, I shall not add anything to this or fall short of it. The Messenger of Allah (**) said: The man will be successful if he speaks truth.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ ঈমান, অনুঃ ইসলামে যাকাত বিধান, হাঃ ৪৬) মুসলিম (অধ্যায়ঃ ঈমান, অনুঃ ইসলামের অন্যতম স্তম্ভ সালাত সম্পর্কে বর্ণনা) মালিক সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সুহাইল ইবনু মালিক (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন